উপজেলা পরিষদ

বাজিতপুর, কিশোরগঞ্জ

বিষয় : বাজিতপুর উপজেলা পরিষদের ২৯৬ তম মাসিক সভার কার্যবিবরণী:-

সভাপতি : জনাব ছারওয়ার আলম
চেয়ারম্যান, উপজেলা পরিষদ
বাজিতপুর, কিশোরগঞ্জ।

স্থান : উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ ।

তারিখ : ২৭ ডিসেম্বর ২০১৮ খ্রিস্টাব্দ, সময় : বেলা ১১.৩০ টা।

সভায় উপস্থিত ও অনুপস্থিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট ''ক'' তে দেখানো হয়েছে।

সভার সভাপতি ও চেয়ারম্যান, উপজেলা পরিষদ উপস্থিত সদস্যবৃন্দকে স্বাগত জানান এবং সভা পরিচালনা করার জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ জানান। অতঃপর সভায় গত সভার কার্যবিবরনী পাঠ করে শুনানো হলে কোনোরূপ সংশোধনী ছাড়া সভার কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে গৃহিত ও অনুমোদিত হয়।

অতঃপর উপজেলা পরিষদের বিভিন্ন বিভাগের ডিসেম্বর, ২০১৮ খ্রিস্টাব্দ কার্যক্রম নিম্নোক্ত ক্রমানুযায়ী বিস্তারিতভাবে আলোচনাপূর্বক সিদ্ধান্ত সমূহ গৃহীত হয় :-

ক্রঃ নং	বিভাগ	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়ন
০১	উপজেলা স্বাস্থ্য বিভাগ	উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ অফিসার সভায় অনুপস্থিত থাকার তার দপ্তরের অগ্রগতি/সমস্যা সম্পর্কে আলোচনা করা গেল না।	আগামী সভা হতে নিয়মিতভাবে সভায় উপস্থিত থাকতে হবে।	উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ অফিসার, বাজিতপুর, কিশোরগঞ্জ।
০২	উপজেলা কৃষি বিভাগ	উপজেলা কৃষি কর্মকর্তা সভায় জানান যে, বাজিতপুর উপজেলায় রাসায়নিক সারের মজুদ সন্তোষজনক। এছাড়া তার বিভাগের কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে বলে তিনি সভাকে অবহিত করেন। তিনি তার বিভাগীয় কার্যক্রমে সংশ্লিস্ট সকলের সহযোগিতা কামনা করেন।	দাপ্তরিক কাজ সুষ্ঠুভাবে সম্পন্ন করায় উপজেলা কৃষি অফিসার, বাজিতপুরকে ধন্যবাদ জানানো হয়।	উপজেলা প্রকৌশলী, বাজিতপুর, কিশোরগঞ্জ
০৩	উপজেলা প্রাণি সম্পদ বিভাগ	ভেটেরিনারী সার্জন, বাজিতপুর সভায় জানান যে, এ উপজেলার বিভিন্ন স্থানে গড়ে উঠা পোল্ট্রি খামার নিয়ে নিয়মিত অভিযোগ পাওয়া যায়। অপরিকল্পিতভাবে মানুষের বাড়ি ঘরের আশেপাশে এসব পোল্ট্রি খামার স্থাপন করায় দুর্গন্ধ ছড়ায় বিধায় নানাবিধ সমস্যা দেখা দেয়। তাই এসব পোল্ট্রি খামার স্থাপনের বিষয়ে খোঁজ খবর নিয়ে পরিবেশ অধিদপ্তর যেন অনাপত্তিপত্র প্রদান করে সে ব্যাপারে সভার মাধ্যমে তিনি সংশ্লিষ্ট দপ্তরের দৃষ্টি আকর্ষণ করেন। তাছাড়া তিনি তার দপ্তরের কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে বলে সভাকে অবহিত করেন।	পোল্ট্রি খামার স্থাপনের বিষয়ে অনাপত্তি পত্র প্রদানের ক্ষেত্রে যথাযথভাবে তদন্ত করে পরবর্তী ব্যবস্থা নিতে হবে। তাছাড়া দাপ্তরিক কাজ সুষ্ঠুভাবে সম্পন্ন করায় উপজেলা প্রাণিসম্পদ অফিসের কর্মকর্তা-কর্মচারীদের ধন্যবাদ জানানো হয়।	১। উপজেলা নির্বাহী অফিসার, বাজিতপুর ২। উপজেলা প্রাণি সম্পদ অফিসার, বাজিতপুর।
০৪	উপজেলা প্রকৌশল বিভাগ (এলজিইডি)	উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, তার বিভাগীয় কার্যক্রম ভালভাবে চলছে। তিনি আসন্ন ১১তম জাতীয় সংসদ নির্বাচন উপলক্ষে প্রতি ভোট কেন্দ্রে নির্বিঘ্নে যাতায়াতের জন্য রাস্তা প্রস্তুত রাখার প্রয়োজনীয়তা সভা তুলে ধরেন এবং এ বিষয়ে ইউপি চেয়ারম্যানবৃন্দের দৃষ্টি আকর্ষণ করেন। ইউপি চেয়ারম্যানবৃন্দের চাহিদার আলোকে প্রয়োজনে এলজিইডি'র মাধ্যমে সড়ক মেরামত করার উদ্যোগ গ্রহণ করা হবে মর্মে সভায় অবহিত করেন। সরারচর ইউপি ভূমি অফিস নির্মাণের কাজ দ্রুত গতিতে চলছে। সহকারী কমিশনার (ভূমি) সহ সংশ্লিষ্ট সকলের সরেজমিন পরিদর্শনকালে দেখা যায় যে, প্রাণিসম্পদ বিভাগের পরিত্যাক্ত সেমিপাকা ঘর ভূমি অফিসের জায়গায় অবস্থিত যা নিলাম করা প্রয়োজন। এ বিষয়ে নিলামযোগ্য মালামালের একটি	১) নিলাম প্রাক্কলন সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হলো। ২) বিষয়টি উর্ধ্বতন কর্তৃপক্ষকে অবহিত করতে হবে এবং ক্ষুদ্র মেরামতের জন্য ইউপি চেয়ারম্যানবৃন্দের দৃষ্টি আকর্ষণ করা হলো। ৩) বিস্তারিত আলোচনান্তে পরিশিষ্ট 'খ' তে উল্লেখিত প্রকল্পসমূহ বাস্তবায়নের জন্য সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়।	১) চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বাজিতপুর। ২। উপজেলা নির্বাহী অফিসার, বাজিতপুর। ৩) উপজেলা প্রকৌশলী, বাজিতপুর। ৪) সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান, বাজিতপুর।

		সিদ্ধান্ত গৃহীত হয়। তিনি সভায় উপজেলা পরিষদের রাজস্ব তহবিল থেকে পরিশিষ্ট 'খ' তে উল্লেখিত প্রকল্পসমূহ বাস্তবায়ন ও অনুমোদনের জন্য প্রস্তাব করেন। অতপর তিনি তার বিভাগীয় কাজে সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করেন।		
০৫	উপজেলা দুর্যোগ ব্যবস্থাপনা বিভাগ	উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তার প্রতিনিধি সভায় জানান যে,অতিদরিদ্রদের জন্য কাবিখা/কাবিটা প্রকল্পের কাজ শেষ হয়েছে।ভিজিএফ উপকারভোগীদের তালিকা অনলাইনে এন্ট্রি ও ভিজিএফ বিতরণ কাজ সম্পন্ন হয়েছে। এছাড়া তার বিভাগের কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে বলে সভাকে অবহিত করেন এবং তার কার্যক্রমে সকলের সহযোগিতা কামনা করেন।	দাপ্তরিক কাজ সুন্দরভাবে সম্পাদনের জন্য উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসারকে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, বাজিতপুর।
০৬	উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ	উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার সভায় জানান যে, তাঁর বিভাগীয় কার্যক্রম ভালভাবে চলছে। তাছাড়া তিনি বিভাগীয় কার্যক্রমে সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করেন।	দাপ্তারিক কাজ সুন্দরভাবে সম্পাদনের জন্য উপজেলা পঃ পঃ অফিসারকে ধন্যবাদ জানানো হয় ।	উপজেলা পঃ পঃ অফিসার বাজিতপুর, কিশোরগঞ্জ
০৭	উপজেলা শিক্ষা বিভাগ	উপজেলা শিক্ষা কর্মকর্তা সভায় জানান, আগামী ১৮ নভেম্বর ২০১৮ খ্রি. তারিখ হতে প্রাথমিক শিক্ষা সমাপনী পরীক্ষা/২০১৮ শুরু হবে। ঐ সময় পরীক্ষা কেন্দ্রগুলোতে পরীক্ষার্থীদের বসার জন্য বেঞ্চের সংকট দেখা দেয়। তিনি যে সকল কেন্দ্রে বেঞ্চের সংকট রয়েছে, সে সকল কেন্দ্রে কিছু ব্যাঞ্চ সরবরাহের দাবি জানান। তাছাড়া তার দপ্তরের সকল কার্যক্রমে সকলের সহযোগিতা কামনা করেন।	প্রাথমিক শিক্ষা সমাপনী পরীক্ষা/২০১৮ যথাযথভাবে আয়োজনে যে সকল কেন্দ্রে বেঞ্চের সংকট রয়েছে সে সকল কেন্দ্রে বেঞ্চ সরবরাহ করতে হবে।	১। উপজেলা প্রকৌশলী, বাজিতপুর। ২। উপজেলা শিক্ষা অফিসার, বাজিতপুর, কিশোরগঞ্জ।
০৮	উপজেলা সমাজ সেবা বিভাগ	উপজেলা সমাজসেবা কর্মকর্তা সভায় জানান যে, তার দপ্তরের কাজ সুষ্ঠুভাবে চলছে। তিনি তার দপ্তরের কাজকর্মে সকলের সহযোগিতা কামনা করেন।	দাপ্তারিক কাজ সুন্দরভাবে সম্পাদনের জন্য উপজেলা সমাজসেবা অফিসারকে ধন্যবাদ জানানো হয় ।	উপজেলা সমাজসেবা অফিসার, বাজিতপুর।
০৯	উপজেলা মৎস্য বিভাগ	সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান যে, তার দপ্তরের কাজ সুষ্ঠুভাবে চলছে। তিনি তার দপ্তরের কাজকর্মে সকলের সহযোগিতা কামনা করেন।	দাপ্তারিক কাজ সুন্দরভাবে সম্পাদনের জন্য উপজেলা সমাজসেবা অফিসারকে ধন্যবাদ জানানো হয় ।	সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, বাজিতপুর।
১০	উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগ	উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার সভায় জানান যে, ২০১৯ সালের পাঠ্য পুস্তক পাওয়া গিয়েছে। উপজেলা নির্বাহী অফিসার মহোদয়ের অনুমতি পাওয়া গেলে বইগুলো স্ব স্ব শিক্ষা প্রতিষ্ঠানের প্রধানগণের হেফাজতে প্রেরণ করবেন। পরবর্তীতে যথাযথ কর্তৃপক্ষের নির্দেশনা অনুযায়ী বইগুলো ছাত্রছাত্রীদের মাঝে বিতরণ করা হবে। তাছড়া তিনি তার বিভাগীয় কার্যক্রমে সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করেন।	আইনের কোন ব্যত্যয় না হলে বইগুলো শিক্ষা প্রতিষ্ঠান প্রধানগণের হেফাজতে রাখার নিমিত্ত প্রেরণ করা যেতে পারে বলে উপজেলা নির্বাহী অফিসার সভায় অভিমত ব্যক্ত করেন।	উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, বাজিতপুর।
১১	উপজেলা পল্লী উন্নয়ন বিভাগ	উপজেলা পল্লী উন্নয়ন অফিসার সভায় জানান যে, তাঁর বিভাগীগের মাধ্যমে এ উপজেলায় প্রায় ৩০ (ত্রিশ) লক্ষ টাকা ঋণ হিসেবে বিতরণ করা হয়েছে। তাছাড়াও কয়েকজন বীর মুক্তিযোদ্ধা ঋণ নিয়ে তা পরিশোধ করতেছে না মর্মে সভাকে অবহিত করেন। তিনি বীর মুক্তিযোদ্ধাদের মাঝে বিতরণকৃত ঋণের টাকা আদায়ে উপজেলা নির্বাহী অফিসার মহোদয়ের সহযোগিতা কামনা করেন।	বিতরণকৃত ঋণ আদায়ের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য উপজেলা পল্লী উন্নয়ন অফিসারকে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, বাজিতপুর।
১২	উপজেলা যুব উন্নয়ন বিভাগ	উপজেলা যুব উন্নয়ন অফিসার সভায় জানান, গত ০১ নভেম্বর জাতীয় যুব দিবস এ উপজেলায় সফলভাবে পালিত হয়েছে। তিনি আরো বলেন, তাঁর বিভাগীয় কার্যক্রম ভালভাবে চলছে। তিনি বিভাগীয় কার্যক্রমে সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করেন।	দাপ্তরিক কাজ সুন্দরভাবে সম্পাদনের জন্য উপজেলা যুব উন্নয়ন অফিসারকে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা যুব উন্নয়ন অফিসার, বাজিতপুর
	উপজেলা	উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় বিভিন্ন	ইউনিয়ন নারী ও শিশু পাচার কমিটির	১। উপজেলা মহিলা

		প্রেরণের জন্য ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ জানান। তাছাড়া মাতৃত্বভাতার জন্য ভাতাভোগীদের জাতীয় পরিচয়পত্র, জন্ম নিবন্ধন ও মোবাইল নম্বরসহ তালিকা দাখিলের জন্য ইউপিচেয়ারম্যানগণকে অনুরোধ জানান।	তাছাড়াও মাতৃত্বকালীন ভাতাভোগীদের তালিকা প্রয়োজনীয় কাগজপত্রাদিসহ প্রেরণের জন্যও ইউপি চেয়ারম্যানবৃন্দকে অনুরোধ জানান।	২। চেয়ারম্যান, ইউপি (সকল), বাজিতপুর
১৪	উপজেলা খাদ্য নিয়ন্ত্রক বিভাগ	উপজেলা খাদ্য নিয়ন্ত্রক সভায় জানান যে, এ উপজেলায় খাদ্য বান্ধব কর্মসূচি পরিচালিত হচ্ছে। তাছাড়া তিনি তাঁর বিভাগীয় কার্যক্রম ভালভাবে চলছে বলেও সভাকে অবহিত করেন।	দাপ্তরিক কাজ সুন্দরভাবে সম্পাদনের জন্য উপজেলা খাদ্য নিয়ন্ত্রক-কে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।	১। উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, বাজিতপুর।
১৫	উপজেলা সমবায় বিভাগ	উপজেলা সমবায় অফিসার সভায় জানান যে, তাঁর বিভাগীয় কার্যক্রম ভাবে চলছে। তিনি জানান, এ উপজেলায় সফলভাবে জাতীয় সমবায় দিবস পালিত হয়েছে। তাছাড়া তিনি তার দপ্তরের কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে বলেও সভাকে অবহিত করেন।	দাপ্তারিক কাজ সুন্দরভাবে সম্পাদনের জন্য উপজেলা সমবায় অফিসারকে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা সমবায় কর্মকর্তা বাজিতপুর।
১৬	দুর্নীতি প্রতিরোধ কমিটি	সভাপতি, দুর্নীতি প্রতিরোধ কমিটি সভায় দুর্নীতির বিরুদ্ধে সম্মিলিতভাবে আন্দোলন গড়ে তুলার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানান।	দুর্নীতির বিরুদ্ধে সকলকে সম্মিলিত আন্দোলন গড়ে তুলার জন্য অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহিত হয়।	সভাপতি, দুর্নীতি প্রতিরোধ কমিটি, বাজিতপুর
১৭	উপজেলা আনসার ও ভিডিপি বিভাগ	উপজেলা আনসার ও ভিডিপি অফিসার সভায় জানান যে, আসন্ন একাদশ জাতীয় সংসদ নির্বাচনের জন্য তার বিভাগ প্রস্তুতি নিচ্ছে। তাছাড়া তার দপ্তরের কাজ সুষ্ঠুভাবে চলছে বলে সভাকে জানান।	দাপ্তরিক কাজ সুন্দরভাবে সম্পাদনের জন্য উপজেলা আনসার ও ভিডিপি অফিসারকে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা আনসার ও ভিডিপি অফিসার, বাজিতপুর।
১৮	উপ-সহঃ প্রকৌশলী (জনস্বাস্থ্য)	উপজেলা প্রকৌশলী (জনস্বাস্থ্য) সভায় জানান, তার বিভাগের কার্যক্রম সুষ্ঠু ও সুন্দরভাবে চলছে। তিনি তার বিভাগীয় কার্যক্রমে সকলের সহযোগিতা কামনা করেন।	দাপ্তরিক কাজ সুন্দরভাবে সম্পাদনের জন্য উপ-সহঃ প্রকৌশলী (জনস্বাস্থ্য) অফিসারকে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।	উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য)
১৯	বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড	নির্বাহী প্রকৌশলী, বিক্রয় ও বিতরণ বিভাগ সভায় অনুপস্থিত বিধায় তার বিভাগের কার্যক্রমের কোন অগ্রগতি/সমস্যা সম্পর্কে অবহিত হওয়া গেল না।	আগামী সভায় উপস্থিত থেকে অগ্রগতি/সমস্যা সম্পর্কে অবহিত করার জন্য নির্বাহী প্রকৌশলী, বিক্রয় ও বিতরণ বিভাগ-কে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।	নির্বাহী প্রকৌশলী, বিক্রয় ও বিতরণ বিভাগ, বাজিতপুর
২০	বাংলাদেশ রেলওয়ে	স্টেশন মাস্টার, বাংলাদেশ রেলওয়ে সভায় অনুপস্থিত বিধায় তার বিভাগের কার্যক্রমের কোন অগ্রগতি/সমস্যা সম্পর্কে অবহিত হওয়া গেল না।	আগামী সভায় উপস্থিত থেকে অগ্রগতি/সমস্যা সম্পর্কে অবহিত করার জন্য স্টেশন মাস্টার, ভাগলপুর ও সরারচরকে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।	স্টেশন মাস্টার, ভাগলপুর ও সরারচর
২১	পল্লী দারিদ্র বিমোচন বিভাগ	উপজেলা পল্লী দারিদ্র বিমোচন অফিসার জানান, তার বিভাগের কার্যক্রম সুন্দরভাবে চলছে। তিনি তার দাপ্তরিক কাজকর্মে সকলের সহযোগিতা প্রত্যাশা করেন।	তার দাপ্তরিক কাজ সুষ্ঠুভাবে সম্পন্ন করার জন্য তাকে অনুরোধ জানানো হয়।	উপজেলা পল্লী দারিদ্র বিমোচন কর্মকর্তা
২২	পরিসংখ্যান বিভাগ	উপজেলা পল্লী দারিদ্র বিমোচন অফিসারের প্রতিনিধি সভায় জানান, তার বিভাগের কার্যক্রম সুন্দরভাবে চলছে। তিনি তার দাপ্তরিক কাজকর্মে সকলের সহযোগিতা প্রত্যাশা করেন।	তার দাপ্তরিক কাজ সুষ্ঠুভাবে সম্পন্ন করার জন্য তাকে অনুরোধ জানানো হয়।	উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, বাজিতপুর।
২৩	উপজেলা নির্বাচন বিভাগ	উপজেলা নির্বাচন অফিসার সভায় জানান, আসন্ন একাদশ জাতীয় সংসদ নির্বাচনের তফসিল ০১ নভেম্বর ঘোষণা করা হতে পারে। নির্বাচন সুষ্ঠুভাবে সম্পন্ন করার লক্ষ্যে এ উপজেলাধীন পৌরসভা ও প্রতিটি ইউনিয়নের সকল নির্বাচনী কেন্দ্রসমূহ উপযোগী করে রাখার জন্য তিনি সভায় দাবি জানান।	উপজেলা নির্বাহী অফিসার এ উপজেলার প্রতিটি নির্বাচনী কেন্দ্র পরিদর্শন করে কেন্দ্রগুলোকে উপযোগী করে গড়ে তোলার জন্য প্রয়োজনীয় পদক্ষেপ নিবেদন বলে সভাকে অবহিত করেন।	১। উপজেলা নির্বাহী অফিসার, বাজিতপুর ২। উপজেলা নির্বাচন অফিসার, বাজিতপুর।
২৪	চেয়ারম্যান, গাজীরচর ইউনিয়ন পরিষদ	চেয়ারম্যান, গাজীরচর ইউপি সভায় জানান তার ইউনিয়নের সার্বিক অবস্থা ভাল। তিনি তার কাজকর্মে সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করেন।	তার ইউনিয়ন কাজকর্ম সুষ্ঠুভাবে পরিচালনা করায় তাকে ধন্যবাদ জানানো হয়।	চেয়ারম্যান, গাজীরচর ইউপি।

২৫.	চেয়ারম্যান, পিরিজপুর ইউনিয়ন পরিষদ	চেয়ারম্যান, পিরিজপুর ইউনিয়ন পরিষদ সভায় জানান, তার ইউনিয়নের সার্বিক কার্যক্রম সুষ্ঠু ও সুন্দরভাবে চলছে। তাছাড়া কেয়ারের উদ্যোগে পিরিজপুর-সরারচর পাকা রাস্তা হইতে নোয়াগাঁও নিলখী কমিউনিটি ক্লিনিক পর্যন্ত রাস্তার দুই পাশের রাস্তা এবং বাংলা বাজার হতে গোথালিয়া রাস্তার দুই পাশের লাগানো গাছ চুক্তির মেয়াদ ১১.০৫.২০১৭ খ্রি. তারিখে অতিবাহিত হওয়ায় উক্ত প্রকল্পের উপকারভোগীদের মধ্যে তাদের প্রাপ্য অংশ বুঝিয়ে দেওয়ার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য তিনি সভাকে অনুরোধ জানান। পরিশেষে তিনি তার ইউনিয়নের সার্বিক কার্যক্রমে সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করেন।	রাস্তার দুপাশে গাছ লাগানো সংক্রান্ত প্রকল্পের মেয়াদ উত্তীর্ণ হওয়ায় উক্ত প্রকল্পের উপকারভোগীদের মাঝে তাদের প্রাপ্য অংশ জরুরী ভিত্তিতে বুঝিয়ে দিতে হবে।	১। উপজেলা নির্বাহী অফিসার, বাজিতপুর ২। উপজেলা প্রকৌশলী, বাজিতপুর। ৩। চেয়ারম্যান, পিরিজপুর ইউপি।
২৬.	চেয়ারম্যান হিলচিয়া ইউনিয়ন পরিষদ	চেয়ারম্যান, হিলচিয়া ইউনিয়ন পরিষদ সভায় জানান, তার ইউনিয়নের সার্বিক কার্যক্রম সুষ্ঠু ও সুন্দরভাবে চলছে। তিনি তার ইউনিয়নের ১৪২৫ বঙ্গাব্দের হাট বাজার ইজারার অর্থ হতে ইউনিয়ন পরিষদের প্রাপ্য ১৫% অর্থের বিপরীতে নিম্নোক্ত প্রকল্প দাখিল করেছেন:- ১। হিলচিয়া বাজারের মাছ মহল হইতে মাছের আরত পর্যন্ত ড্রেন মেরামত ও পরিষ্কারকরণ- ৮৮,৫৭৫/-	চেয়ারম্যান, হিলচিয়া ইউপি কর্তৃক হিলচিয়া বাজার ইজারা মূল্য হতে ইউনিয়ন পরিষদের প্রাপ্য অর্থের বিপরীতে দাখিলকৃত প্রকল্পসমূহ সভায় সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়।	১। উপজেলা নির্বাহী অফিসার, বাজিতপুর ২। উপজেলা প্রকৌশলী, বাজিতপুর। ৩। চেয়ারম্যান, পিরিজপুর ইউপি।
২৭.	চেয়ারম্যান হুমাইপুর ইউনিয়ন পরিষদ	চেয়ারম্যান, হুমাইপুর ইউনিয়ন পরিষদের কমপ্লেক্স নির্মার্ণে প্রয়োজনীয় ব্যবস্থা নেয়ার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানান। তিনি আরোও বলেন, হুমাইপুর ইউনিয়ন স্বাস্থ্যকেন্দ্রে দীর্ঘদিন যাবৎ কোন ডাক্তার না থাকায় এলাকার মানুষ তাদের প্রাপ্য চিকিৎসা সেবা থেকে বঞ্চিত হচ্ছে। তিনি জরুরীভিত্তিতে ডাক্তার পদায়নের দাবি জানান। তাছাড়া তিনি হুমাইপুরের রাস্তা মেরামত করার জন্য অনুরোধ জানান।	হুমাইপুর ইউনিয়ন উপস্বাস্থ্য কেন্দ্রে ডাক্তার পদায়নের বিষয়টি যথাযথ কর্তৃপক্ষকে অবহিত করার জন্য উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ অফিসার, বাজিতপুর-কে অনুরোধ জানানো হয়। তাছাড়া রাস্তা মেরামতের জন্য উপজেলা প্রকৌশলী সরজমিন পরিবদর্শন করবেন এবং করণীয় নির্ধারণ করবেন।	১। উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ অফিসার, বাজিতপুর। ২। উপজেলা প্রকৌশলী বাজিতপুর। ৩। চেয়ারম্যান, হুমাইপুর ইউপি।
২৮.	চেয়ারম্যান মাইজচর ইউনিয়ন পরিষদ	চেয়ারম্যান, মাইজচর ইউনিয়ন পরিষদ তার ইউনিয়নের কমপ্লেক্স ভবন নির্মাণে প্রয়োজনীয় পদক্ষেপ নেয়ার জন্য সভায় অনুরোধ জানান। তাছাড়া তিনি স্কুলের ছাত্রছাত্রীদের বসার জন্য ব্যাঞ্চ সরবরাহের জন্য এডিবি হতে বরাদ্দ প্রদানের দাবি জানান।	উপজেলা প্রকৌশলীকে মাইজচর ইউনিয়ন পরিষদ কমপ্লেক্স ভবন নির্মাণের বিষয়ে সরেজমিনে পরিদর্শন করে বিস্তারিত সভাকে অবহিত করার জন্য অনুরোধ করা হয়।	১। উপজেলা প্রকৌশলী, বাজিতপুর। ২। চেয়ারম্যান, মাইজচর ইউপি।
২৯.	চেয়ারম্যান কৈলাগ ইউনিয়ন পরিষদ	চেয়ারম্যান, কৈলাগ ইউপি সভায় জানান তার ইউনিয়নের সার্বিক অবস্থা ভাল। তিনি তার কাজকর্মে সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করেন।	তার ইউনিয়ন কাজকর্ম সুষ্ঠুভাবে পরিচালনা করায় তাকে ধন্যবাদ জানানো হয়।	চেয়ারম্যান, কৈলাগ ইউপি।
৩০.	চেয়ারম্যান সরারচর ইউনিয়ন পরিষদ	চেয়ারম্যান, সরারচর ইউপি সভায় জানান তার ইউনিয়নের সার্বিক অবস্থা ভাল। তিনি তার কাজকর্মে সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করেন।	তার ইউনিয়ন কাজকর্ম সুষ্ঠুভাবে পরিচালনা করায় তাকে ধন্যবাদ জানানো হয়।	চেয়ারম্যান, সরারচর ইউপি।
৩১.	চেয়ারম্যান দিলালপুর ইউপি	চেয়ারম্যান, দিলালপুর ইউনিয়ন পরিষদ সভায় জানান যে, তার ইউনিয়নস্থ দিলালপুর বাজারের একটি বাউন্ডারী দেওয়াল জরুরীভিত্তিতে নির্মাণ করা প্রয়োজন।	উপজেলা প্রকৌশলী সরেজমিন পরিদর্শন করবেন এবং করণীয় কিনা নির্ধারণ করবেন।	১। চেয়ারম্যান, দিলালপুর ইউপি। ২। সচিব, দিলালপুর ইউপি।
৩২	চেয়ারম্যান বলিয়ারদী ইউপি	চেয়ারম্যান বলিয়ারদী ইউনিয়ন পরিষদ ইউনিয়ন পরিষদের বিভিন্ন রাস্তা মেরামত করার জন্য অনুরোধ জানান। তাছাড়া তার ইউনিয়নের সার্বিক অবস্থা ভাল মর্মে সভাকে অবহিত করেন।	উপজেলা প্রকৌশলী সরজমিন পরিদর্শন করবেন এবং করণীয় কিনা নির্ধারণ করবেন।	১। উপজেলা প্রকৌশলী বাজিতপুর। ২। চেয়ারম্যান, বলিয়ারদী ইউপি।
৩৩.	চেয়ারম্যান দিঘীরপাড় ইউনিয়ন	চেয়ারম্যান, দিঘীরপাড় ইউনিয়ন পরিষদ সভায় অনুপস্থিত বিধায় তার ইউনিয়নের কর্মকান্ড ও সার্বিক অবস্থা সম্পর্কে আলোচনা করা সম্ভব হলো না।	আগামী সভায় উপস্থিত থেকে অগ্রগতি/সমস্যা সম্পর্কে অবহিত করার জন্য চেয়ারম্যান, দিঘীরপাড়	১। চেয়ারম্যান, দিঘীরপাড় ইউপি। ২। সচিব, দিঘীরপাড়

			গৃহীত হয়।	
৩৪	চেয়ারম্যান হালিমপুর ইউনিয়ন পরিষদ	চেয়ারম্যান, হালিমপুর ইউনিয়ন পরিষদ সভায় অনুপস্থিত বিধায় তার ইউনিয়নের কর্মকান্ড ও সার্বিক অবস্থা সম্পর্কে আলোচনা করা সম্ভব হলো না।	আগামী সভায় উপস্থিত থেকে অগ্রগতি/সমস্যা সম্পর্কে অবহিত করার জন্য চেয়ারম্যান, হালিমপুর ইউপিকে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।	১। চেয়ারম্যান, হালিমপুর ইউপি। ২। সচিব, হালিমপুর ইউপি।
৩৫.	ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বাজিতপুর	ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বাজিতপুর সভায় উপস্থিত থাকায় তার বক্তব্য জানা যায় নি।	সভায় নিয়মিতভাবে উপস্থিত থাকার জন্য ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বাজিতপুর-কে অনুরোধ জানানো হয়।	ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বাজিতপুর
৩৬.	চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বাজিতপুর	চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বাজিতপুর বিভিন্ন দপ্তরের প্রধানদের সমন্বয়ের সাথে কাজ করার জন্য অনুরোধ জানান।	এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। বিস্তারিত আলোচনান্তে সকল বিভাগীয় প্রধানগণ সমন্বয়ের সাথে কাজ করার জন্য অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহিত হয়।	সকল বিভাগীয় প্রধানগণ, বাজিতপুর
৩৭.	সাবেক কমান্ডার, মুক্তিযোদ্ধা সংসদ, বাজিতপুর	সাবেক কমান্ডার, উপজেলা মুক্তিযোদ্ধা সংসদ, বাজিতপুর সভাকে অবহিত করেন যে, শহীদ ছিদ্দিক ব্রাক্ষনবাড়িয়া জেলার নূরপুর গ্রামে পাক হানাদার বাহিনীর সাথে সম্মুখ যুদ্ধে ধরা পড়ে। পরবর্তীতে ১৪ ডিসেম্বর তাকে মেরে ফেলা হয়। তার নামে সরারচর-কুলিয়ারচর রাস্তার নামকরণ করার জন্য সভায় দাবী জানান।	এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে বীর মুক্তিযোদ্ধা শহীদ ছিদ্দিক এর নামানুসারে সরারচর-কুলিয়ারচর রাস্তার নামকরণ করার প্রয়োজনীয় আইনগত ব্যবস্থা গ্রহণের জন্য সিদ্ধান্ত গৃহিত হয়।	১। উপজেলা নির্বাহী অফিসার, বাজিতপুর ২। উপজেলা প্রকৌশলী, বাজিতপুর ৩। সাবেক কমান্ডারদ্বয়, উপজেলা মুক্তিযোদ্ধা সংসদ, বাজিতপুর
৩৮.	বিবিধ	উপজেলা পরিষদ চেয়ারম্যান কার্যালয়ের কাপ পিরিচসহ প্রয়োজনীয় আসবাবপত্র ক্রয় বাবদ ভ্যাট ও আয়করসহ মোট ২৫,০০০/- (পচিশ হাজার) টাকা, উপজেলা পরিষদ হলরুম সংলগ্ন বাথরুম ও টয়লেটের মেরামত ও বেসিনসহ অন্যান্য মালামাল সংযোজন বাবদ ভ্যাট ও আয়করসহ ২৪,৯৮০/- (চব্বিশ হাজার নয়শত আশি) টাকা, মহান বিজয় দিবস-২০১৮ যথাযোগ্য মর্যাদায় উদযাপন উপলক্ষে বীর মুক্তিযোদ্ধাগণের সংবর্ধনা ও মধ্যাহ্নভোজের জন্য ৬০,০০০/- (ষাট হাজার) টাকা এবং উপজেলা নির্বাহী অফিসারের বাংলোর বাথরুম ও টয়লেট মেরামত বাবদ ভ্যাট ও আয়করসহ ২৪,৪১৫/- (চব্বিশ হাজার চারশত পনের) টাকা জরুরীভিত্তিতে ব্যয় অনুমোদন করা প্রয়োজন মর্মে সভায় বিস্তারিত আলোচনা হয়।	বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে উল্লিখিত ব্যয়সমূহ নির্বাহ করার বিষয়ে সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।	১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বাজিতপুর ২। উপজেলা নির্বাহী অফিসার, বাজিতপুর ৩। উপজেলা প্রকৌশলী, বাজিতপুর

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সদস্যবৃন্দকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

চেয়ারম্যান
উপজেলা পরিষদ
বাজিতপুর, কিশোরগঞ্জ

স্মারক নং- ০৫.১২.৪৮০৬.০০০.০৩.০০৭.১৫-১০১০(৭৫)　　　　তারিখ : ৩০.১২.২০১৮ খ্রিস্টাব্দ

অনুলিপি সদয় জ্ঞাতার্থে:-

০১. মন্ত্রি পরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২. সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩. মহাপরিচালক, মনিটরিং, ইন্সপেকশন ও ইভ্যালুয়েশন উইং, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে:-

০৪. জেলা প্রশাসক, কিশোরগঞ্জ।

০৬. সিভিল সার্জন, কিশোরগঞ্জ।
০৭. নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, কিশোরগঞ্জ।
০৮. নির্বাহী প্রকৌশলী (বিউবো), কিশোরগঞ্জ।
০৯. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বাজিতপুর, কিশোরগঞ্জ।
১০. মেয়র, বাজিতপুর পৌরসভা।
১১. ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, বাজিতপুর উপজেলা পরিষদ।
১২. উপজেলা .... কর্মকর্তা, বাজিতপুর, কিশোরগঞ্জ।
১৩. চেয়ারম্যান .... ইউনিয়ন পরিষদ (সকল), বাজিতপুর।
১৪. অফিস কপি।

উপজেলা নির্বাহী অফিসার
বাজিতপুর, কিশোরগঞ্জ